

# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১০৮৭

২/ সালাত (নামায) (১ হা০ ১ হা০)

পরিচ্ছেদঃ ২৩১. জুমুআর নামাযের আযান সম্পর্কে।

باب النِّدَاءِ يَوْمَ الْجُمْعَةِ

### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ الْمُرَادِيُّ، حَدَّثَنَا ابْنُ وَهْبِ، عَنْ يُونُسَ، عَنِ ابْنِ شِهَابٍ، أَخْبَرَنِي السَّائِبُ بْنُ يَزِيدَ، أَنَّ الأَذَانَ، كَانَ أَوَّلُهُ حِينَ يَجْلِسُ الإِمَامُ عَلَى الْمِنْبَرِ يَوْمَ الْجُمُعَةِ فِي عَهْدِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَأَبِي بَكْرٍ وَعُمَرَ \_ رضى الله عنهما \_ فَلَمَّا كَانَ خِلاَفَةُ عُثْمَانَ وَكَثُرَ النَّاسُ أَمَرَ عُثْمَانُ يَوْمَ الْجُمُعَةِ بِالأَذَانِ التَّالِثِ فَأُذِنَ بِهِ عَلَى الزَّوْرَاءِ فَتَبَتَ الأَمْنُ عَلَى ذَلِكَ .

### বাংলা

১০৮৭. মুহাম্মদ ইবনে সালামা (রহঃ) .... আস-সাইব ইবনে ইয়াযীদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম, আবু বকর (রাঃ) ও উমর (রাঃ)-এর যুগে ইমাম যখন খুতবা দেয়ার উদ্দেশ্যে মিম্বরের উপর বসতেন, তখন যে আযান দেয়া হত তাই ছিল জুমার প্রথম আযান। অতঃপর . উসমান (রাঃ)-এর খিলাফতকালে যখন মুসলিমদের সংখ্যা বৃদ্ধি পায়, তখন তিনি তৃতীয় আযানের প্রবর্তন করেন। এই ধরণের প্রথম আযান 'জাওরা' নামক স্থানে সর্বপ্রথম প্রদত্ত হয়। অতঃপর এই নিয়ম ধারাবাহিকভাবে চলে আসছে। (বুখারী, নাসাঈ, তিরমিজী, ইবনে মাজাহ)

### **English**

#### Al-Sa'ib b. Yazid said:

During the time of the Prophet () and Abu Bakr and 'Umar the call to the Friday prayer was first made at the time when the imam was seated on the pulpit (for giving the sermon). When the time of 'Uthman came, and the people became abundant, 'Uthman ordered to make a third call to the Friday prayer. It was made on al-Zaura' (a house in Medina). The rule of action continued to the same effect.



## ফুটনোট

টিকা: ইসলামের প্রথম যুগে জুমার দিন ইমাম খুতবা দেয়ার উদ্দেশ্যে মিম্বরে আরোহণের পর যে আযান দেয়া হত, তাই ছিল প্রথম আযান। অতঃপর নামায শুরু করার প্রাক্কালে যে ইকামত দেয়া হয়, তা দ্বিতীয় আযান হিসেবে খ্যাত ছিল। অতঃপর উসমান (রাঃ) এর সময়ে যে আযান প্রচলিত হয় তা তৃতীয় আযান হিসেবে পরিচয় লাভ করে। বর্তমানে জুমার জন্য প্রথমে যে আযান দেয়া হয় এটাই হল উসমান (রাঃ) এর চালু করা তৃতীয় আযান।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সায়িব ইবনু ইয়াযীদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন